# AKASHVANI(AIR)

# RNU : KOLKATA

# BENGALI TEXT BULLETIN

**DATE : 21-03-2026 TIME : 7.50**

১) আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা।

ভোট পরবর্তী হিংসা রুখতে বিধানসভা নির্বাচন পর্ব শেষ হওয়ার পরেও রাজ্যে থাকবে ৭০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

২) আর জি কর হাসপাতালে লিফটে আটকে দমদমের বাসিন্দা অরূপ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে পূর্ণাঙ্গ রিপোর্ট চেয়েছে স্বাস্থ্য দফতর।
#ধৃত পাঁচজনের ২৭ শে মার্চ পর্যন্ত পুলিশ হেফাজত।

৩) কলকাতার রেডরোড়ে ঈদের নামাজে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এস আই আর ইস্যুতে প্রধানমন্ত্রীকে আক্রমণের নিশানা করায়, বিজেপি তীব্র সমালোচনা করেছে।

৪) চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় আজ ঈদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে। এক মাসব্যাপী রমজানের উপবাসের পর আনন্দ উৎসবে মেতে উঠেছেন ইসলাম ধর্মাবলম্বী মানুষরা।

৫) সরকার বাণিজ্যিক এল পি জি-র বরাদ্দ আরও ২০ শতাংশ বাড়াচ্ছে।

৬) উপকূলের জেলাগুলিতে আগামীকাল থেকে বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করা হয়েছে। এর আগে ভোট পরবর্তী হিংসার ইতিহাসের কথা মাথায় রেখে নির্বাচন পর্ব শেষ হওয়ার পরেও প্রায় ৭০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে থাকবে। এর মধ্যে ইভিএমের নিরাপত্তার জন্য আলাদা করে ২০০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। স্ট্রং রুম ও ইভিএম সংরক্ষণ কেন্দ্রগুলির নিরাপত্তার দায়িত্বে থাকবে এই বাহিনী।

অন্যদিকে, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আরও ৫০০ কোম্পানি বাহিনী কাজ করবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন, ইভিএম ও ভিভিপ্যাট বণ্টন প্রক্রিয়ার প্রথম ধাপ সম্পন্ন করেছে। কমিশন জানিয়েছে, প্রথম পর্যায়ের র‍্যান্ডমাইজেশন প্রক্রিয়া শেষের পর সংশ্লিষ্ট তালিকা জাতীয় ও রাজ্যস্তরের স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের হাতে তুলে দেওয়া হয়েছে। নিয়ম অনুযায়ী, ইভিএম বণ্টন দুই ধাপে র‍্যান্ডমাইজেশনের মাধ্যমে করা হয়। প্রথম ধাপে জেলা স্তরের গুদাম থেকে এলোমেলোভাবে ইভিএম, বিভিন্ন বিধানসভা কেন্দ্রে বরাদ্দ করা হয়। দ্বিতীয় ধাপে সেখান থেকে আবার এলোমেলোভাবে ইভিএম পাঠানো হয় নির্দিষ্ট বুথে। নির্দেশ অনুযায়ী, প্রথম স্তরের পরীক্ষা বা এফএলসি উত্তীর্ণ ইভিএমগুলিকেই এই র‍্যান্ডমাইজেশন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে। জেলা নির্বাচনী আধিকারিকরা রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে এই প্রক্রিয়া সম্পন্ন করেছেন।

মনোনয়ন প্রক্রিয়া শেষ হয়ে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর দ্বিতীয় পর্যায়ের র‍্যান্ডমাইজেশন করা হবে এবং সেই তালিকাও প্রার্থীদের সঙ্গে ভাগ করে নেওয়া হবে বলে জানিয়েছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার রানাঘাটে প্রার্থী বদলের দাবিতে বিজেপি-র জেলা কার্যালয়ে আজ বিক্ষোভ দেখান দলীয় কর্মীদের একাংশ। ভাঙচুর করা হয় চেয়ার, টেবিল। বিক্ষোভকারীদের দাবি দীর্ঘদিন ধরে যারা দলের জন্য কাজ করেছেন, প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে তাদেরকে গুরুত্ব দেওয়া হয়নি।

এদিকে, হাওড়ার বালি বিধানসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী নিয়েও দলের অন্দরে ক্ষোভ দেখা দিয়েছে। দলীয় কর্মীদের একাংশের অভিযোগ স্থানীয় নেতাদের বদলে বহিরাগতকে প্রার্থী করা হয়েছে।

পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড় বিধানসভার বিজেপি প্রার্থীকে পছন্দ না হওয়ায় আজ দুপুরে খড়গপুরে দলীয় কার্যালয় ভাঙচুরের অভিযোগ উঠেছে একদল কর্মী সমর্থকদের বিরুদ্ধে।

এদিকে প্রার্থী তালিকা ঘোষণা হওয়ার পর থেকেই শাসক দলের কর্মী সমর্থকদের মধ্যেও অসন্তোষ দেখা দিয়েছে। দল বদলের ঘটনাও সামনে আসছে।

কোচবিহারে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সমিতির সদস্য খোকন মিঁয়া আজ কংগ্রেসে যোগ দিয়েছেন। তাঁর অভিযোগ পুরনো নেতা-কর্মীদের গুরুত্ব দিচ্ছে না শাসক দল।

অন্যদিকে, পুরুলিয়ায় আসন্ন বিধানসভা নির্বাচনে টিকিট না মেলায় তৃণমূল কংগ্রেস নেতা দিব্যজ্যোতি প্রসাদ সিং দেও দল ত্যাগ করে কংগ্রেসে যোগ দিয়েছেন।

ooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার বরাহনগর পৌরসভার ২৭ নম্বর ওয়ার্ডের বিজেপির কার্যালয়ের বাইরে তৃণমূল কংগ্রেসের ফ্লেক্স লাগানোকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। বিজেপির অভিযোগ তাঁদের ফ্লেক্স খুলে শাসক দলের লোকেরা নিজেদের ফ্লেক্স লাগিয়ে দিয়েছে। বেশ কিছুক্ষণ ধরে চলে স্লোগান পাল্টা স্লোগান এবং হাতাহাতি। এরপর বরানগর থানার পুলিশ কেন্দ্রীয় বাহিনীর প্রচেষ্টায় প্রায় কয়েক ঘন্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে খুলে ফেলা হয় তৃণমূল কংগ্রেসের ব্যানার।

ooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে সন্তানের চিকিৎসা করাতে গিয়ে লিফটে আটকে দমদমের বাসিন্দা অরূপ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর ঘটনায় ধৃত পাঁচজনকে আজ শিয়ালদা আদালতে তোলা হলে ২৭ শে মার্চ পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। এদের মধ্যে রয়েছে তিনজন লিফটম্যান – মিলন কুমার দাস, বিশ্বনাথ দাস, মানস কুমার গুহ এবং নিরাপত্তা রক্ষী আসরাফুল রহমান ও শুভদ্বীপ দাস।

টালা থানার কাছ থেকে ঘটনার তদন্তভার গ্রহণ করেছে লালবাজারের হোমিসাইড শাখা। আজই ঘটনাস্থলে যান তদন্তকারী আধিকারিকরা। একইসঙ্গে ফরেন্সিক দলও আজ ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে ঘটনার রিপোর্ট তলব করেছে স্বাস্থ্য দফতর। দুর্ঘটনার কারণ, কার গাফিলতিতে তা ঘটলো, লিফটের রক্ষণাবেক্ষণ সহ একাধিক তথ্য উল্লেখ করে বিস্তারিত রিপোর্ট দিতে বলা হয়েছে। স্বাস্থ্য দফতরের এক শীর্ষ কর্তা জানান, ইতিমধ্যেই প্রাথমিক রিপোর্ট দিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। তবে বিস্তারিত রিপোর্ট দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

উল্লেখ্য, গতকাল ভোরে অরূপ বাবু তাঁর স্ত্রী ও পুত্রকে নিয়ে লিফটে করে ওপরে যাওয়ার সময় যান্ত্রিক গোলোযোগের জন্য সেটি বারবার ওঠানামা শুরু করে। তখনই লিফট ও দেওয়ালের মাঝখানে আটকে যান তিনি। বেশ কিছুক্ষণ চিৎকার চেঁচামেচির পর'ও লোহার গ্রিল তালাবন্ধ থাকায়, তাঁরা কেউই বেরোতে পারেন নি। বারবার সাহায্য চাওয়া হলেও, কোন কর্মী বা লিফটম্যান না থাকায় তাঁদের উদ্ধার করা সম্ভব হয়নি। ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে, অরূপ বাবুর পাঁজরের সব হাড় ভাঙা এবং কিডনী, লিভার ও হার্ট ফেটে যাওয়ার খবর পাওয়া গেছে।

মৃতের বাবা এই ঘটনায় সরাসরি হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে খুনের অভিযোগ তুলেছেন।

প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ দমদমে নিহতের বাড়িতে যায়। ঘটনার জন্য আর জি কর হাসপাতাল কর্তৃপক্ষকেই দায়ী করেন তারা।

এই ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্তের দাবি জানিয়েছে সার্ভিস ডক্টর ফোরাম। সংগঠনের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস জানিয়েছেন, দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি এবং মৃতের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণের দাবিতে স্বাস্থ্য সচিবকে চিঠিও দিয়েছেন তাঁরা।
হাসপাতালে ট্রমা কেয়ারে ওই লিফটে যান্ত্রিক ত্রুটি থাকলেও তা নিয়ে কর্তৃপক্ষ উদাসীন ছিল বলে অভিযোগ করেছেন কর্মী ও চিকিৎসকদের একাংশ। কেন হাসপাতালে বেসমেন্ট দিয়ে ওই পরিবারকে বার করার ব্যবস্থা করা হলো না, তা নিয়েও একাধিক প্রশ্ন উঠেছে। হাসপাতাল সূত্রে

জানা গেছে, রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা পূর্ত দফতরের কাছ থেকে এ ব্যাপারে সুপার সপ্তর্ষি চট্টোপাধ্যায় রিপোর্ট চেয়েছেন। সোমবারের মধ্যেই রিপোর্ট জমা পড়তে পারে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার রেডরোডে ঈদের নামাজে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এসআইআর ইস্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আক্রমণের নিশানা করায়, বিজেপি তার তীব্র সমালোচনা করেছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেন, ধর্মীয় অনুষ্ঠানের মঞ্চ থেকে প্রধানমন্ত্রী সম্পর্কে মুখ্যমন্ত্রী যা বলেছেন, তা নজিরবিহীন।

(বাইট – শমীক)

তিনি আরও বলেন, ভারতীয় মুসলিম নাগরিকদের ভয় পাওয়ার কোনো কারণ নেই। তবে বাংলাদেশী অনুপ্রবেশকারী এবং রোহিঙ্গাদের নাম কোনোভাবেই ভোটার তালিকায় থাকবে না।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী উৎসবের মঞ্চকে রাজনীতির মঞ্চে পরিণত করেছেন। এস আই আর নিয়ে লড়াই করার হলে দিল্লিতে গিয়ে মুখ্যমন্ত্রীর আন্দোলন করা উচিত বলে মন্তব্য করেন তিনি।

(বাইট –অধীর)

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী আজ রেডরোডে ঈদের শুভেচ্ছা জানানোর পরই এসআইআর-এর প্রসঙ্গ উত্থাপন করেন। তিনি অভিযোগ করেন, ভোটার তালিকায় সংশোধনের মাধ্যমে একদিকে সংখ্যালঘুদের নাম বাদ দেওয়া হচ্ছে, অন্যদিকে, প্রধানমন্ত্রী আরবে গিয়ে মুসলিম নেতাদের সঙ্গে সৌজন্য বিনিময় করছেন।

(বাইট – মমতা ব্যানার্জী)

০০০০০০০০০০০০০০০০০০

চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় আজ  ঈদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে। এক মাসব্যাপী রমজানের উপবাসের পর আনন্দ উৎসবে মেতে উঠেছেন  ইসলাম ধর্মাবলম্বী মানুষরা। চলছে শুভেচ্ছা বিনিময়।

কলকাতার রেড রোড, মালদা নয়মৌজা, মূর্শিদাবাদের ঈদগা ও মসজিদগুলিতে নামাজ আদায়ের জন্য সামিল হন বহু মানুষ। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – মামুন)

এদিকে, চৈত্র নবরাত্রির তৃতীয় দিনে দেবী দুর্গা আজ চন্দ্রঘণ্টা রূপে পূজিত হচ্ছেন।

ooooooooooooooooooo

সরকার বাণিজ্যিক এলপিজির বরাদ্দ আরও ২০ শতাংশ বাড়ানোর অনুমোদন দিয়েছে। ব্যবসা সংস্কার ও সম্প্রসারণের জন্য ১০ শতাংশ পিএনজি বরাদ্দ রয়েছে । এই অতিরিক্ত বরাদ্দ অগ্রাধিকার ভিত্তিতে রেস্তোরাঁ, ধাবা, হোটেল, শিল্প কারখানার ক্যান্টিন, দুগ্ধশিল্প, ভর্তুকিযুক্ত ক্যান্টিন এবং রাজ্য ও স্থানীয় সংস্থার পরিচালিত অন্যান্য ক্ষেত্রে দেওয়া হবে ।

সরকার আশ্বস্ত করেছে যে পেট্রোল, ডিজেল বা এলপিজির কোনো ঘাটতি নেই এবং জনগণকে আতঙ্কিত না হতে আহ্বান জানিয়েছে।

oooooooooooooooooooo

রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে আগামীকাল ট্রাফিক ব্লকের কারণে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। হাওড়া থেকে ১৬-টি, ব্যান্ডেল থেকে ৭-টি, শেওড়াফুলি, Pandooah মেমারি, Ahmadpur ও রামপুরহাট থেকে ১-টি করে, আজিমগঞ্জ, চন্দনপুর ও ডানকুনি থেকে ২ করে, বর্ধমান, কাটোয়া থেকে ৫-টি করে এবং শিয়ালদা থেকে ৩-টি ট্রেন বাতিল থাকবে।

এছাড়া, হাওড়া - জামালপুর কাবিগুরু এক্সপ্রেস, রামপুরহাট - Jasidih MEMU, গোড্ডা-শিয়ালদা মেমু এবং কাটোয়া - নিমতিতা প্যাসেঞ্জারের সময় সূচীর পরিবর্তন করা হচ্ছে।

oooooooooooooooooooo

পশ্চিমী ঝঞ্ঝা এবং নিম্নচাপ অক্ষরেখার কারণে সারাদিন ধরেই রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত ভাবে বৃষ্টি হচ্ছে। এরফলে সর্বোচ্চ তাপমাত্রা এক ধাক্কায় অনেকটা কমেছে । আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ১১ ডিগ্রি কম। তবে আগামীকাল থেকে তাপমাত্রা আবার ধীরে ধীরে স্বাভাবিক হবে।

এদিকে, আগামীকাল থেকে সর্বত্র বৃষ্টির পরিমাণও কমবে তবে, উপকূলের জেলা গুলিতে স্থানীয়ভাবে বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

অন্যদিকে, উত্তরবঙ্গের উত্তরের জেলা গুলিতে আজ বৃষ্টির পরিমাণ বেশি থাকলেও আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ অনেকটা কমবে ।

দার্জিলিং, আলিপুরদুয়ার, কোচবিহার, কালিম্পং, জলপাইগুড়ি,পূর্ব বর্ধমান, নদীয়া, পশ্চিম, মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ ও দমকা হাওয়া সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা

oooooooooooooooooo

oooooooooooooooooooo